

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩১৫৬

২৭/ আদব

পরিচ্ছেদঃ শয়নকালে যা বলতে হয়

আরবী

وَعَنهُ قَالَ: قَالَ لِي رَسُوْلُ اللهِ عَلَيْ إِذَا أَتَيْتَ مَضْجَعَكَ فَتَوَضَّا وُضُوءَكَ لِلْصَّلاَةِ ثُمَّ اضْطَجِعْ عَلَى شِقِّكَ الأَيْمَنِ وَقُلْ وذَكَرَ نَحْوَهُ، وفيه وَاجْعَلْهُنَّ آخِرَ مَا تَقُولُ متفقٌ عَلَيْهِ

বাংলা

(৩১৫৬)উক্ত রাবী হতেই বর্ণিত, তিনি বলেন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেন, তুমি যখন তোমার বিছানায় (ঘুমাবার জন্য) আসবে, তখন তুমি নামাযের ওযূর মত ওযূ কর। অতঃপর ডান পার্শ্বে গুয়ে (পূর্বোক্ত দু'আটি) দু'আ পাঠ কর।" অতঃপর বর্ণনাকারী ঐ দু'আটি উল্লেখ করলেন। আর এ বর্ণনায় আছে যে, ''ওই দু'আটিকেই সবশেষে পাঠ কর। (বুখারী ২৪৭, মুসলিম ৭০৫৭)

অন্য বর্ণনায় আছে, এই দু'আ বলার পর যদি তোমার ঐ রাত্রেই মৃত্যু হয় তাহলে তোমার মরণ ইসলামী প্রকৃতির উপর হবে। ঐ সময় যা তুমি বলবে তার সব শেষে এই দু'আটি বলো। (বুখারী ৬৩১১, মুসলিম ৭০৫৭, আবু দাউদ, তিরমিয়ী, নাসাঈ, ইবনে মাজাহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন